প্রশ্নপত্র শ্রেণি- দ্বিতীয় (Class- (II) সময়ঃ ১ ঘন্টা ৩০মি	গনিত মেধা অন্বেষণ ২০২২ আয়োজকঃ দ্য পাই গ্রুপ অফ ম্যাথামেটিকস Organised by: The Pi Group Of Mathematics (TPGM)	পূর্ণমানঃ ১০০ তারিখ 13/11/2022 রবিবার

*** উত্তর লেখার আগে ভালো করে "পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ"-গুলো পড়ে নিতে হবে ***

১. উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।
২. প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০ টি প্রশ্ন আছে।
৩. প্রশ্নপত্রেই প্রতিটি প্রশ্নের জন্য ৪ টি করে "সম্ভাব্য উত্তর"(Option) প্রশ্নের পাশেই দেওয়া আছে।
৪. উত্তরপত্রে প্রত্যেক প্রশ্নের নম্বরের পাশে ঐ "সাম্ভাব্য উত্তর"(Option)-গুলির শুধু নাম্বার, যথাক্রমে (a), (b), (c) এবং (d) দেওয়া আছে।
৫. কোনো প্রশ্নের যে উত্তরটি সঠিক উত্তর পত্রের ঐ প্রশ্নের নম্বরের পাশে শুধু সেই সাম্ভাব্য উত্তর(Option)-এর নম্বরটির ওপর "টিক চিহ্ন" (√) দিতে হবে। যেমন, ধরা যাক 10. নম্বর প্রশ্নের চতুর্থ অর্থাৎ (d) Option টি সঠিক। তাহলে উত্তর পত্রের 10. নম্বরের পাশে (d) এর ওপর "টিক চিহ্ন" (√) দিতে হবে।
৬. কোন ভুল উত্তরের জন্য কোনো নম্বর কাটা হবে না।

1. ১৮৯২ সংখ্যাটিতে ৮ এর স্থানীয় মান হবে- (a) ৮৯২ (b) ৮০০ (c) ৮০ (d) ৮

2. □ ÷ ৮= ১৩ শূন্যস্থানে কত বসবে- (a) ১৩ (b) ৮ (c) ১০৪ (d) ১০০

3. ৫টা ৩০মিনিট বাজলে বড়ো কাঁটাটি থাকবে- (a) ৫ এর ঘরে (b) ১২ এর ঘরে (c) ৫ ও ৬ এর ঘরে (d) ৬ এর ঘরে।

4. ২৫টাকা ৫পয়সা + ২৫পয়সা - ৯০পয়সা= কত- (a) ২৫টাকা (b) ২৫টাকা ৪০পয়সা (c) ২৪টাকা ৪০পয়সা (d) ২৬টাকা

5. ভাজক সর্বদা ভাগশেষের থেকে- (a) বড় (b) ছোট (c) সমান (d) কোনটিই নয়।

6. কোন্ সংখ্যার সঙ্গে কত যোগ করলে সেই সংখ্যাটি পাওয়া যাবে?- (a) ১ (b) ০ (c) -১ (d) ২

7. কোনো সংখ্যাকে ৭ দিয়ে ভাগ করলে ভাগশেষ হতে পারে- (a) ৮ (b) ৯ (c) ৭ (d) ৫

8. ১৬ থেকে ৩ বিয়োগ করা যায় কতবার— (a) ৫বার (b) ৩বার (c) ১৬বার (d) একবারও না

9. ক্যালেন্ডারের তারিখ পাল্টায়- (a) দুপুর ১২টায় (b) ভোর ৪টায় (c) সকাল ৬টায় (d) রাত ১২টায়

10. রোমান প্রতীকে ২৪ হবে- (a) xxiii (b) xxiv (c) xxvi (d) xiv

11. ২$^{১}/_{২}$ কিলোগ্রাম হলো- (a) ২৫টি ৫০গ্রাম (b) ৩০টি ৫০গ্রাম (c) ৫০টি ৫০গ্রাম (d) ১০০টি ৫০গ্রাম

12. ৪ ভাগের ১ ভাগ লেখা হয় এভাবে- (a) $^{৪}/_{১}$ (b) $^{১}/_{৪}$ (c) ১$^{১}/_{৪}$ (d) $^{৩}/_{৪}$

13. ২০০টি আপেল = কত গন্ডা- (a) ২০গন্ডা (b) ৫০গন্ডা (c) ২৫গন্ডা (d) ৩০গন্ডা

14. ১ অঙ্কের সবচেয়ে ছোট মৌলিক সংখ্যা কোনটি- (a) ১ (b) ২ (c) ৬ (d) ৪

15. গুনফল শূন্য, গুনক ২ হলে গুন্য কত?- (a) ০ (b) ২ (c) ১ (d) কোনটিই নয়

16. আগামী কোন্ ইংরেজী সালটি লিপইয়ার হবে- (a) ২০২৩ (b) ২০২৪ (c) ২০২৫ (d) ২০২৬

17. ৩২৫৩৭ সংখ্যাটিতে দুটি ৩ এর স্থানীয় মানের অন্তর হবে- (a) ২৯৯৭০ (b) ৩০০০৩ (c) ৩২৫৪০ (d) কোনটিই নয়

18. একটি বেঞ্চে ৪জন ছাত্রছাত্রী বসতে পারে। ৫০জন ছাত্রছাত্রীর বসতে কটি বেঞ্চের দরকার হবে- (a) ১২টি (b) ১৩টি (c) ১০টি (d) ১১টি

19. যে কোনো পূর্ণ-সংখ্যাকে ২ দ্বারা গুন করলে গুনফল কী ধরনের সংখ্যা হবে- (a) মৌলিক সংখ্যা (b) জোড় সংখ্যা (c) বিজোড় সংখ্যা (d) ভগ্নাংশ

20. পরপর ৬টি মাইল স্টোনের দূরত্ব হবে- (a) ৬কিলোমিটার (b) ৪কিলোমিটার (c) ৫কিলোমিটার (d) ৩কিলোমিটার

21. একটি সংখ্যাকে ১১বার যোগ করলে যোগফল ৫৫ হয়। সংখ্যাটি হবে- (a) ৬ (b) ৭ (c) ৫ (d) ১০

22. ১ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলির যোগফল হবে- (a) ১৬ (b) ১৭ (c) ১৮ (d) ১৯

23. (১৬x৬) - (৭৭-৩৮) = কত? (a) ৫০ (b) ৬০ (c) ৫৫ (d) ৫৭

24. তুমি দুই পক্ষ দুই দিন বিদ্যালয়ে অনুপস্থিত ছিলে। তাহলে তুমি কত দিন বিদ্যালয়ে অনুপস্থিত ছিলে- (a) ৩২দিন (b) ৩০দিন (c) ৩১দিন (d) ২৪দিন

25. একটি আয়তক্ষেত্রের শীর্ষবিন্দুর সংখ্যা কত- (a) ৩টি (b) ৪টি (c) ৫টি (d) ৬টি

26. একটি বাক্সে ৫০টি আধুলি, ২০টি সিকি এবং ১০টি এক টাকার মুদ্রা আছে। বাক্সে মোট কত টাকা আছে- (a) ৪০টাকা (b) ৩০টাকা (c) ৩৫টাকা (d) ৪৫টাকা

27. তোমাদের বিদ্যালয়ে ১১টায় ক্লাশ শুরু হয় এবং ৩টায় ছুটি হয়। মাঝে ৩০মিনিট টিফিন টাইম হলে, তোমাদের কত মিনিট ধরে ক্লাশ হয়?- (a) ২০০মিনিট (b) ২১০মিনিট (c) ২২০মিনিট (d) ১২০মিনিট

28. তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা সঙ্গে এক অঙ্কের বৃহত্তম সংখ্যা গুন করলে গুনফল হবে- (a) ৮৯৯১ (b) ৯৯৯ (c) ৯৯১ (d) ১০০৮

29. তুমি দোকানে গিয়ে ২টাকা ৫০পয়সা দামের একটি রাবার ও ৫টাকা দামের একটি কলম কিনলে।তুমি দোকানদারকে ১০টাকার নোট দিলে দোকানদার তোমাকে কত টাকা ফেরত দিবে-(a) ৩টাকা(b)৩টাকা ৫০পয়সা (c)৪টাকা (d)২টাকা ৫০পয়সা

30. তোমার বর্তমান বয়স ৭বছর। তোমার দাদার বয়স ১০বছর. ১বছর পর তোমাদের দুজনের বয়সের সমষ্টি কত হবে- (a) ১৭বছর (b) ১৯বছর (c) ২০বছর (d) ১৮বছর

31. কোন সংখ্যার সঙ্গে ১ যোগ করলে ৪ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে- (a) ৯০০ (b) ৯৯৯ (c) ১০০০ (d) ৯০০১

32. একটি বাসে তোমাকে নিয়ে ২৯ জন লোক ছিল। পথে ৫জন উঠল এবং ৭জন নেমে গেল। এখন বাসে কতজন লোক আছে।(a) ২৭জন (b) ২৬জন (c) ২৫জন (d) ২৮জন

33. এক বছর এক মাসের কত গুন- (a) ১গুন (b) ২৪গুন (c) ২গুন (d) ১২গুন

34. ১০০০ এর ঠিক আগের যুগ্ম(জোড়) সংখ্যা কোনটি- (a) ৯৯৯ (b) ৯৯৮ (c) ৯৯৭ (d) ৯৯৬

35. a>b বলতে বোঝায়- (a) a ও b সমান(b) a,b এর থেকে বড়ো(c) b,a এর থেকে ছোট(d) কোনটিই নয়

36. মান কতঃ- ৭-২-১= — (a) ৪ (b) ৫ (c) ৬ (d) ০

37. কোন তিনটি সংখ্যার যোগফল ও গুনফল সমান হয়- (a) তিনটি তিন(b) তিনটি এক(c) তিনটি দুই (d) কোনো টিই নয়

38. প্রদত্ত তিনটি মধ্যে সবচেয়ে বড়ো কোনটি- (a) সেমি (b) ডেসিমি (c) মিলিমি (d) মিটার

39. ঊনসত্তর হাজার অষ্টআশি অঙ্কে লেখ-(a) ৭৯৮৮ (b) ৬৯৮৮ (c) ৬৯০৮৮ (d) ৭৯০৮৮

40. ৮+৮+৮+৮+৮ এর অর্থ হলো- (a) ৮x৫ (b) ৮x৮ (c) ৮÷৫ (d) ৮÷৮

41. ৮ দশ থেকে ৯ দশ- (a) ১ দশ বড়ো (b) ২ দশ বড়ো (c) ১ দশ ছোট (d) ২ দশ ছোট

42. একটি ডিমের দাম ৫টাকা। এরূপ দেড় ডজন ডিমের দাম কত?(a) ৬০টাকা(b) ৭০টাকা (c) ৮০টাকা (d) ৯০টাকা

43. ৪৮৩÷৬= কত? (a) ৬$^{১}/_{২}$ (b) ৬০$^{১}/_{২}$ (c) ৭০$^{১}/_{২}$ (d) ৭$^{১}/_{২}$

44. আগস্ট মাসের দিন সংখ্যা কত?-(a) ২৯দিন (b) ৩০দিন (c) ৩১দিন (d) ৩২দিন

45. ০÷৯৯৯= কত- (a) ৯৯৯ (b) ০ (c) ১ (d) ১০০০

46. দুই অঙ্কের কতগুলি সংখ্যা আছে- (a) ৮৮টি (b) ৮৯টি (c) ৯০টি (d) ৯১টি

47. ০৫৬৭ সংখ্যাটি কত অঙ্কের- (a) ৪ অঙ্কের (b) ৫ অঙ্কের (c) ৩ অঙ্কের (d) ৬ অঙ্কের

48. তরল পদার্থ পরিমাপের একক কোনটি- (a) মিটার (b) লিটার (c) সে.মি (d) মাইল

49. একটি ত্রিভুজের বাহু সংখ্যা কত? (a) একটি (b) দুটি (c) তিনটি (d) চারটি

50. তুমি ১মিনিটে ১০০মিটার হাটতে পারো। তোমাদের বাড়ী থেকে তোমার স্কুলের দূরত্ব ৫০০মিটার। হেঁটে গেলে তুমি কত সময়ে স্কুলে পৌঁছাবে। (a) ১মিনিট (b) ৩মিনিট (c) ৪মিনিট (d) ৫মিনিট